

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/24/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো অর্থ বছর 2020 নির্বাহী বাজেটে (FY 2020 EXECUTIVE BUDGET) বেতন চুরির সমাধান করার প্রস্তাব থাকবে ঘোষণা করলেন

যেসকল নিয়োগকর্তা ইচ্ছাকৃতভাবে বেতন চুরি সংক্রান্ত নিয়ম লঙ্ঘন করে তাদের অপরাধের শাস্তি বৃদ্ধি করা হল

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ঘোষণা করলেন যে তার অর্থ বছর 2020 নির্বাহী বাজেটের অংশ হিসাবে বেতন চুরি সংক্রান্ত সমস্যা সমাধানে প্রস্তাবনা থাকবে। গভর্নর কুওমোর প্রস্তাবনা যেসকল নিয়োগকর্তা জেনেশুনে বা ইচ্ছাকৃতভাবে বেতন চুরি সংক্রান্ত নিয়ম লঙ্ঘন করে তাদের অপরাধের শাস্তি বৃদ্ধি করবে এবং একে অন্যান্য ধরনের চুরির কাছাকাছি বিন্যস্ত করবে।

"নিউ ইয়র্ক সবসময় কর্মীদের পাশে দাঁড়াবে এবং যেসকল বিবেকবর্জিত নিয়োগকর্তা তাদের কর্মচারীদের কষ্টসাধ্য উপার্জন চুরির চেষ্টা করে তাদের জন্য আমাদের কোনো সহনশীলতা নেই", **গভর্নর কুওমো বলেন।** "স্টেট ইতিমধ্যেই প্রতারণিত কর্মীদের জন্য মিলিয়ন মিলিয়ন মার্কিন ডলার উদ্ধার করেছে, এবং এই প্রস্তাব অন্যায়ভাবে বেতন আটকে রাখা নিয়োগকর্তাদের দায়ী করতে আমাদের চেষ্টাকে আরো মজবুত করতে সাহায্য করবে।"

বর্তমানে, যেই সকল নিয়োগকর্তা বারবার বেতন চুরি করে শুধু তাদেরকেই ফেলোনির অভিযোগে প্রসিকিউট করা যায়, এবং এধরনের প্রসিকিউশন খুবই বিরল। বিধানটি শ্রম আইনকে (Labor Law) সংশোধন করে সেইসকল নিয়োগকর্তার জন্য অপরাধের শাস্তি যোগ করবে যারা ইচ্ছাকৃতভাবে বেতন চুরি করে, অপরাধের শাস্তির পরিমাণ হবে 1,000 মার্কিন ডলারের কম বেতন চুরির জন্য ক্লাস বি অপকর্ম (Class B misdemeanor) থেকে শুরু করে 50,000 মার্কিন ডলারের বেশি বেতন চুরির জন্য ক্লাস বি ফেলোনি (Class B Felony)।

প্রস্তাবটি অপরাধ প্রসিকিউশনের জন্য সুপারিশ করতে নিউ ইয়র্ক স্টেটের শ্রম অধিদপ্তরের (Department of Labor, DOL) ক্ষমতা বৃদ্ধি করবে যেহেতু ডিস্ট্রিক্ট অ্যাটর্নীদের কাছে এবং অ্যাটর্নি জেনারেলের কাছে এখন প্রসিকিউট করার জন্য স্পষ্ট, দ্ব্যর্থহীন অপরাধ থাকবে। শ্রম অধিদপ্তর বিদ্যমান শ্রম আইন প্রণয়ন অপারেশন চালাবে, কিন্তু বর্ধিত অপরাধের শাস্তির ফলে ডিস্ট্রিক্ট অ্যাটর্নি বেতন চুরিকে অপরাধ হিসেবে প্রসিকিউট করতে পারবেন, এবং নিজে থেকে মামলা শুরু করতে পারবেন, এর ফলে পুরো স্টেটে বেতন চুরির সাথে লড়াইয়ে সংস্থান বৃদ্ধি পেলো। উপরন্তু, অপরাধের বর্ধিত শাস্তি নিয়োগকর্তাদের ভবিষ্যৎ বেতন চুরি হ্রাসের ঘটনার নির্ণায়ক হিসেবে কাজ করতে পারে।

নিউ ওয়র্ক স্টেটের শ্রম কমিশনার রবার্টা রিয়ার্ডন বলেন, "নিউ ইয়র্ক স্টেটের শ্রম অধিদপ্তর কর্মীদের সুরক্ষা প্রদানে অঙ্গীকারবদ্ধ এবং গভর্নর কুওমোর নেতৃত্বের কল্যাণে, শীঘ্রই আমরা বেতন চুরি গেছে এমন কর্মীদের তাদের প্রাপ্য বুমিয়ে দেওয়া নিশ্চিত করতে নজিরহীন পদক্ষেপ নিতে পারবো। এই বিধানটি বেতন চুরির বিরুদ্ধে লড়াইয়ে দেশের নেতা হিসেবে নিউ ইয়র্কের মর্যাদা বৃদ্ধি করবে।"

নিউ ইয়র্কে নিয়োগকর্তাদের দ্বারা প্রতারণিত হয়েছে এমন কর্মীদের ফিরিয়ে দেওয়া অর্থের পরিমাণে নাটকীয় বৃদ্ধি দেখা গেছে। 2018 সালে, নিউ ইয়র্ক শ্রম অধিদপ্তর প্রায় 35 মিলিয়ন মার্কিন ডলার সংগ্রহ করে এবং তা বেতন চুরি ও সরকারি কাজ সংক্রান্ত লঙ্ঘনের শিকার প্রায় 35,000 কর্মীকে ফিরিয়ে দিয়েছে। 2011 সাল থেকে, DOL 280 মিলিয়ন মার্কিন ডলারের বেশি চুরিকৃত বেতন উদ্ধার করেছে এবং বেতন চুরি ও সরকারি কাজ সংক্রান্ত লঙ্ঘনের শিকার 250,000 কর্মীকে তা ফিরিয়ে দিয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)